জনাব মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয়

এর

বিসিক শিল্পনগরী, তারোটিয়া, টাঙ্গাইল পরিদর্শন

গত ২৮ ডিসেম্বর ২০১৯ তারিখ, শনিবার জনাব মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয় বিসিক শিল্পনগরী, তারোটিয়া, টাঙ্গাইল পরিদর্শন করেন। পরিদর্শনকালে জনাব নেপাল চন্দ্র কর্মকার, উপসচিব, শিল্প মন্ত্রণালয়; জনাব আতাউর রহমান সিদ্দিকী, পরিচালক (প্রকল্প), উপসচিব, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন এবং জনাব দীপঙ্কর রায়, সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), শিল্প মন্ত্রণালয় তাঁর সফরসঙ্গী হন।

সচিব মহোদয় সকাল ১২.৩০ টায় শিল্পনগরী, তারোটিয়াতে উপস্থিত হন এবং শিল্পনগরী পরিদর্শন শেষে কর্মকর্তা-কর্মচারীদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। মতবিনিময় সভায় মোহাম্মদ মোশারফ হোসেন খান, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), টাঙ্গাইল, জনাব আতিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর, শিল্পনগরীর কর্মকর্তা এবং শিল্প উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে সচিব মহোদয় উপস্থিত সকলের সাথে পরিচিত হন। পরিচিতি শেষে জনাব শাহনাজ বেগম, সহকারী মহাব্যবস্থাপক, তারোটিয়া শিল্পনগরী, টাঙ্গাইল শিল্পনগরী সম্পর্কে বিস্তারিত সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, শিল্পনগরীর সার্ভিস চার্জ আদায়ের হার ভালো এবং এই হারের পরিমান ৯৮%। শিল্প মালিক সমিতির সাধারণ সম্পাদক বলেন, সার্ভিস চার্জ ২.০০ টাকা থেকে বাড়িয়ে ৪.০০ টাকা করা হয়েছে যা তাদের জন্য বাড়তি চাপ। তাই এ হার কমানোর জন্য সচিব মহোদয়কে অনুরোধ করেন। আগুন লাগলে আগুন নেভানোর জন্য পানি সংগ্রহের কোন জায়গা নেই। ফায়ার হাইড্র্যান্টের অবস্থান কারও জানা নেই মর্মে তিনি সভাকে অবহিত করেন।

২.০। এক নজরে বিসিক শিল্পনগরী, তারোটিয়া, টাঙ্গাইল:

০১	কার্যালয়ের নাম	:	বিসিক শিল্প নগরী, তারোটিয়া, টাঙ্গাইল
০২	মোট প্রকল্প ব্যয়	:	২.৭৫ কোটি টাকা
০৩	মোট জমির পরিমাণ	:	২৩.৫০ একর
০৪	শিল্প নগরীর স্থাপনকাল	:	০৫.০৬.১৯৮৫ খ্রি.
০৫	প্লটে অন্তর্ভূক্ত জমির পরিমাণ	:	১৭.০০ একর
০৬	অফিস ও অন্যান্য কাজে ব্যবহৃত জমির পরিমাণ	:	৬.৫০ একর
০৭	জমির মূল্য	:	ক) পূর্ব মূল্য এককালীন প্রতি একর ৬.০০ লক্ষ টাকা খ) ১০ (দশ) বৎসরের কিস্তিতে পরিশোধযোগ্য মূল্য প্রতি একর ৭.৭৭ লক্ষ টাকা।
			ক) বর্তমান মূল্য এককালীন প্রতি একর ২০১.০৪ লক্ষ টাকা। খ) ৫ (পাঁচ) বৎসরের কিস্তিতে পরিশোধযোগ্য মূল্য ২২৯.৭১ লক্ষ টাকা।
০৮	মোট প্লট সংখ্যা	:	১৩২টি

০৯	**টাইপ**	**সংখ্যা**	**আয়তন**
	এ-টাইপ	৭২টি	৪৫০০ বর্গফুট
	বি-টাইপ	১২টি	৩০০০ বর্গফুট
	এস-টাইপ	৩৪টি	-
	সাবকন্ট্রাক্টিং	১৪টি	-
১০	মোট বিনিয়োগ	:	১০১.৫৮ কোটি টাকা
১১	মোট বার্ষিক উৎপাদন ক্ষমতা	:	২১৪.৯৫ কোটি টাকা

৩.০। শিল্প ইউনিট সংখ্যা:

উৎপাদনরত	নির্মাণাধীন	রুগ্ন/নিষ্ক্রিয়	নির্মাণের অপেক্ষায়
৫৫ টি	০২ টি	০৬ টি	০২ টি

৪.০। খাতভিত্তিক শিল্পে ইউনিট:

ক্রমিক	খাত/উপখাত	শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা	মন্তব্য

০১	কৃষি ভিত্তিক শিল্প (খাদ্য ও খাদ্যজাত)	২৭টি	
০২	প্রকৌশল/হালকা প্রকৌশল	১৪টি	
০৩	রসায়ন	১৬টি	
০৪	টেক্সটাইল	০৬টি	
০৫	বিবিধ	০২টি	
	মোট-	৬৫টি	

৫.০। মোট কর্মসংস্থান:

পুরুষ	মহিলা	মোট
২১৫৬ জন	৫৫০ জন	২৭০৬ জন

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, তারোটিয়া, টাঙ্গাইল ১৫জুন/১৯৮১ হতে জুন/২০১৯ পর্যন্ত ২৪৫টি কোর্সে ৪২৬৬ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে। এর মধ্যে ১৮৮৮ জন দেশে, ৬৭৬ জন বিদেশে কর্মসংস্থান করতে সক্ষম হয়েছেন এবং ১৭০২ জন বিভিন্ন পেশায় নিয়োজিত আছেন।

৬.০। ২০১৯ – ২০ অর্থবছরে বিসিক শিল্পনগরী, তারোটিয়া বিভিন্ন ক্ষেত্রে অর্জনঃ

ক্র: নং	খাত/বিষয়বস্তু	শিল্পের ধরণ	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অর্জন/অগ্রগতি	অগ্রগতির হার %
০১	শিল্প উদ্যোক্তা চিহ্নিতকরণ	মাঝারি	৬ জন	০৩ জন	৫০
		ক্ষুদ্র	৭৫ জন	৫০ জন	৬৭
		কুটির	১৫০ জন	৮০ জন	৫৩
০২	শিল্প উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ	-	১৫০ জন	৯০ জন	৬০
০৩	প্রজেক্ট প্রোফাইল প্রণয়ন	মাঝারি	০১	০	০
		ক্ষুদ্র/কুটির	০৭	৪	৫৭
০৪	উদ্যোক্তার নিজস্ব বিনিয়োগে শিল্প স্থাপন	মাঝারি	০	০	০
		ক্ষুদ্র	১৫	১২	৮০
		কুটির	৩০	১৮	৬০
০৫	শিল্প ইউনিট নিবন্ধন	মাঝারি	০	০	০
		ক্ষুদ্র	১০	৪	৪০
		কুটির	২৬	১২	৪৬
০৬	পণ্য শুল্করেয়াত সুবিধা প্রদান	-	৩.০ কোটি	০	০
০৭	নকশা নমুনা উন্নয়ন ও বিতরণ	-	১৮	১২	৬৭
০৮	কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ	-	১৮	১২	৬৭
০৯	বিপণন সমীক্ষা	-	০৬	৩	৫০
১০	ব্যাংকের ঋণ ব্যবস্থাকরণ/সহায়তাকরণ	মাঝারি	০	০	০
		ক্ষুদ্র	৩০	১৯	৬৩
		কুটির	৮৫	২০	৫৬
১১	কর্মসংস্থান সৃষ্টি	মাঝারি	০	০	০
		ক্ষুদ্র	ব্যাংকের ঋণ ব্যবস্থাকরণের মাধ্যমে ১২৮ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। অগ্রগতির হার ৩৪%। উদ্যোক্তার নিজস্ব বিনিয়োগের মাধ্যমে ৩৯০ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। অগ্রগতির হার ১৫৬%।		
		কুটির	ব্যাংকের ঋণ ব্যবস্থাকরণের মাধ্যমে ১৩০ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। অগ্রগতির হার ১৬৩%। উদ্যোক্তার নিজস্ব বিনিয়োগের মাধ্যমে ৮৬ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। অগ্রগতির হার ১৪৩%।		
১২	মধু উৎপাদন	১১০টি মৌ খামারে ১১০ মে.টন মধু উৎপাদিত হয়েছে। ৪৩টি শিল্প ইউনিটকে ১০.৭৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য ৮.৩৬ লক্ষ টাকার মধ্যে ৭.৭৯ লক্ষ টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৯৩%			

৭.০। শিল্প প্লটের মামলা সংক্রান্ত তথ্য:

ক্র: নং	মামলাধীন শিল্প ইউনিটের নাম	বরাদ্দের তারিখ ও প্লট নং	মামলার সংক্ষিপ্ত কারণ	ঋণ সংক্রান্ত মামলা হলে NOC প্রদান করা হয়েছে কিনা এবং তারিখ	কোন কোর্টে মামলাটি রয়েছে	মামলার বর্তমান অবস্থা	মন্তব্য
০১	০২	০৩	০৫	০৬	০৮	০৯	১০
০১	দাগ নং-৪০/৩২০ বর্তমানে পুকুর	১৯৯২-৯৩ অর্থবছরে অধিগ্রহণ কৃত	অধিগ্রহণকৃত জমির পূর্বের মালিক-জমি তার দখলে আছে বলে মিথ্যা মামলা দায়ের করেছেন। বর্তমানে উক্ত জমি বিসিকের পুকুর হিসাবে ব্যবহৃত হচ্ছে এবং পুকুর লীজ দেয়া হয়েছে।	-	ল্যান্ডসার্ভে ট্রাইবুনাল আদালত, টাঙ্গাইল।	মামলাটি চলমান রয়েছে এবং আগামী ০৫-০৪-২০২০ইং তারিখে শুনানীর দিন ধার্য করা আছে।	

৮.০। বিসিক শিল্পনগরী তারোটিয়া, টাঙ্গাইল কর্তৃক উত্থাপিত এর সমস্যাসমূহ:

০১। শিল্প নগরীর প্লটে অবৈধ বাজার স্থাপনা উচ্ছেদ করা প্রয়োজন। অবৈধ বাজারের কারণে শিল্প স্থাপন করা যাচ্ছে না।

০২। বিসিক শিল্পনগরীর রাস্তাঘাট মেরামত করা প্রয়োজন।

০৩। শিল্পনগরীর ড্রেনের অবস্থা খুবই নাজুক।

০৪। শিল্পনগরীর সরবরাহকৃত পানি ব্যবহারের অনুপযোগী। ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন করা প্রয়োজন।

০৫। শিল্পনগরীর চারপাশে সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন।

০৬। ই-নথি ও অনলাইন কার্যক্রম চালু করার জন্য পর্যাপ্ত প্রযুক্তিগত উপকরণ নেই।

০৭। জনবলের অভাব। শিল্পসহায়ক কেন্দ্রে আরও কর্মকর্তা প্রয়োজন।

০৮। জেলা ভিত্তিক ওয়েবসাইট তৈরী হলে জেলার প্রচার কার্যক্রম বৃদ্ধি করা যেতে পারে।

০৯। অফিস প্রাঙ্গন হতে প্রধান সড়ক পর্যন্ত বর্ষা মৌসুমে বৃষ্টিতে তলিয়ে যায়। রাস্তাটি উচুঁ করে পুণঃ নির্মাণ করা প্রয়োজন।

১০। শিল্প ইউনিটে গ্যাস সংযোগও সম্প্রসারণের প্রয়োজন।

০৯। সচিব মহোদয়ের নির্দেশনাঃ

ক) সরকারি অধিগ্রহণকৃত জমিতে হাট ইজারা দেওয়ার জন্য এবং যে কোন উদ্ভূত সমস্যা সমাধানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কার্যকরী পদক্ষেপ নিতে হবে।

খ) সীমানা প্রাচীর, গভীর নলকূপ ইত্যাদির সমস্যা সমাধানের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে।

গ) নিজস্ব ঋণ কার্যক্রম ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে। কম্পিউটার অফিস প্যাকেজ, কম্পিউটার ডিজাইন, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, হাউজওয়্যারিং, কাটিং ও টেইলারিং প্রভৃতি দক্ষতা উন্নয়ন কোর্সসমূহের প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। এ সমস্ত কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা বৃদ্ধির জন্য প্রচারণা চালাতে হবে। বিভিন্ন প্রতিষ্ঠানে চিঠি পাঠিয়ে প্রচার করতে হবে।

ঘ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)'র সাথে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের বিষয়ে রেজিস্ট্রেশন করতে হবে।

ঙ) কাস্টমাইজড কোর্সের ওপর প্রশিক্ষণ পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণ চাহিদার বিষয়ে জরিপ পরিচালনা করতে হবে।

চ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধানসহ সকল প্রশিক্ষককে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহন করে তাদের ড্যাটাবেইজ সংরক্ষণ করতে হবে এবং ভবিষ্যতে যেসকল ট্রেড/বিষয়ের চাহিদার সৃষ্টি হতে পারে তা নির্ধারণ করতে হবে।

ছ) নতুন নিয়োগ থেকে বিসিকের জনবল সমস্যার সমাধান করতে হবে, এজন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

জ) শিল্প নগরীতে জাল পণ্য দ্রব্যাদি উৎপাদিত হতে না পারে সেদিকে কর্মকর্তাগণকে সজাগ দৃষ্টি রাখতে হবে। জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত মোবাইল কোর্ট নকল পণ্য উৎপাদন বন্ধের জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ করেছে তা যাতে বজায় থাকে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। বাস্তবায়নেঃ

ক) অতিরিক্ত সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়।

খ) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, মতিঝিল, ঢাকা।

গ) যুগ্মসচিব (বিসিক),শিল্প মন্ত্রণালয়।

ঘ) জেলা প্রশাসক, টাঙ্গাইল।

ঙ) সহকারী মহাব্যবস্থাপক, বিসিক, টাঙ্গাইল।

চ) প্রমোশন কর্মকর্তা, বিসিক, টাঙ্গাইল।

ছ) শিল্প নগরী কর্মকর্তা, বিসিক, টাঙ্গাইল এবং

জ) সম্প্রসারণ কর্মকর্তা,বিসিক, টাঙ্গাইল।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সচিব মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
দীপঙ্কর রায়
সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়
ফোন নম্বর: ০৮+০২ ৯৬৫৩৫৮২
ই-মেইলঃ ps2secy@moind.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- 256/22

তারিখঃ ২৮ পৌষ ১৪২৬
১২ জানুয়ারি ২০২০

বিতরণ, সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত সচিব (বিসিক) শিল্প মন্ত্রণালয় (সচিবের নির্দেশনা বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিসিককে পত্র দেয়ার জন্য অনুরোধসহ)
২) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
৩) যুগ্মসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
৪) জেলা প্রশাসক, টাঙ্গাইল
৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
৭) উপসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়
৮) পরিচালক (সকল),বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
৯) সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১০) সিনিয়র সহকারী সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
১১) সহকারী মহাব্যবস্থাপক, বিসিক শিল্পনগরী, তারোটিঁয়া, টাঙ্গাইল।
১২) অফিস কপি।

12/01/20
সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়